দৈনিক ইত্তেফাক

MAR. 29 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# ছাত্রলীগের ৬ নেতাকে জেলগেট থেকে ফের গ্রেপ্তার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্রলীগের ৬ কেন্দ্রীয় নেতাকে মুক্তি দিয়ে জেলগেট থেকে পুনরায় তাদের গ্রেফতার করে কারাগারে

(২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## ছাত্রলীগের ৬ নেতাকে

(প্রথম পৃষ্ঠার পর)

পাঠিয়েছে পুলিশ। গত বুধবার রাতে ছাত্রলীগ নেতাদের জেলগেটে এনে ছেড়ে দেয়ার মুহূর্তেই পুলিশ তাদের টেনে-হিঁচড়ে ভ্যানে তোলে। গত ২৫শে ফেব্রুয়ারী রাতে 'সুধাসদনের' সামনে থেকে ছাত্রলীগের ৬ নেতাকে গ্রেফতার করে আদালতে পাঠালে তাদের ১ মাসের ডিটেনশনে দেয়। পরে গত ২৪ মার্চ আদালত তাদের আটকাদেশ অবৈধ ঘোষণা করে এবং মুক্তির নির্দেশ দেয়। গত বুধবার রাতে ছাত্রলীগ নেতাদের মুক্তি দেয়ার মুহূর্তে পুলিশ তাদের নামে দুটি মামলা দেখিয়ে পুনরায় গ্রেফতার করে। ছাত্রলীগ নেতা লিয়াকত সিকদার, নজরুল ইসলাম বাবু এবং রফিকুল ইসলাম কতোয়ালকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিয়া হলে গুলীতে নিহত ফিরোজ হত্যাকান্ডের আসামী হিসেবে এবং তুহিন, অনিক ও স্বপনকে দেখানো হয়েছে ধানমন্ডির ছাত্রদল নেতা সজল হত্যার আসামী হিসেবে। জেল গেট থেকে ছাত্রলীগ নেতাদের গ্রেফতারের প্রতিবাদে ছাত্রলীগ নেতৃবৃন্দ গতকাল বৃহস্পতিবার রিপোর্টার্স ইউনিটিতে এক সংবাদ সম্মেলনে বলেন, হাইকোর্ট ছাত্রলীগ নেতাদের মুক্তির নির্দেশ দিলেও সরকার অবৈধভাবে তাদের গ্রেফতার করেছে। তারা এখন কোথায় কি অবস্থায় আছে জাতি তা জানতে চায়। সংবাদ সম্মেলনে ছাত্রলীগ নেতা বলরাম পোদ্দার, শাহাবুদ্দীন ফরাজী, সুজিত রায় নন্দী, মাসুদ চৌধুরী, সাইফুজ্জামান শিখর, খান মঈনুল হোসেন মোস্তাক, খলিলুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।